# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮

০৭ ভাদ্র ১৪৩১
তারিখ:------------------
২২ আগস্ট ২০২৪

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ও
ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/নিযুক্তি এবং তাঁর দায়-দায়িত্ব সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এর ১২ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২৪ এর ১২ নং অনুচ্ছেদের মাধ্যমে ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃ বাংলাদেশ ভ্রমণ অত্যাবশ্যকীয় হলে দেশের বাইরে গমনের ১০ (দশ) কর্মদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের জন্য আবেদন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, উক্ত সার্কুলারের ১২ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

"ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার অত্যাবশ্যকীয় বহিঃ বাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে পরিচালনা পর্ষদ/যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যাংকের নিজস্ব বহিঃ বাংলাদেশ ভ্রমণ নীতিমালা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত বহিঃ বাংলাদেশ ভ্রমণ করতে পারবেন। এক্ষেত্রে, ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার দেশ ত্যাগের ১০ (দশ) কর্মদিবস পূর্বে তাঁর বহিঃ বাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে তাঁর অনুপস্থিতকালীন তাঁর স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন, সেল ফোন নাম্বার ও ই-মেইল ঠিকানা ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-২) কে লিখিতভাবে অবহিত করতে হবে।"

০৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০১৫৫